

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির কার্যবিবরণী:

সভাপতি : শর্মিলা রোজারিও
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
তারিখ : ০৫-০৭-২০২২ খ্রি:
সময় : দুপুর ১১:০০ টা হতে দুপুর ০১:১৫ টা।
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ।
সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটি র নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভা	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আগামী ২৩/০৭/২০২২ খ্রি হতে ২৯/০৭/২০২২ খ্রি. পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ/২০২২ অনুষ্ঠিত হবে। তাছাড়া অন্যান্য কার্যক্রম নিম্নরূপ। ১) বিল নার্সারী পোনা মাছ অবমুক্ত করণ - ২০২১-২০২২ সালের স্থাপিত বিল নার্সারীর পোনা অবমুক্ত করা হয়েছে। ২) জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করণঃ চলমান অর্থ বৎসরে রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ করা হবে। ৩) মৎস্য উন্নয়নে আইন বাস্তবায়নঃ বর্তমান মাসে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনার জন্য আলোচনা হয়। ৪) মৎস্য সপ্তাহ উপলক্ষেঃ বর্তমান সরকারে অগ্রগতি ও বিভিন্ন কার্যক্রমের উপর মেলা পরিচালনা। ৫) চাষীদের সুখম মৎস্য খাদ্য নিশ্চিত করার জন্য বাজার হতে বিভিন্ন মৎস্য খাদ্য নমুনা সংগ্রহ করে তা পরীক্ষার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়। ৬) মাছ চাষের পরামর্শ প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। ৭) প্রশিক্ষনঃ মৎস্য চাষীদের প্রশিক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। ১। অবমুক্ত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। অর্থ প্রাপ্তির সাথে সাথে পোনা অবমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। একটি মোবাইল কোর্ট ও ২টি অভিযান সিদ্ধান্ত গৃহীত হয়। ৪। ১টি মেলা পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। ৫। অর্থ প্রাপ্তি সাপেক্ষে ১টি মেলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৬। ২০ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত। ৭। ২০ জন চাষীকে প্রশিক্ষনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ গাজীপুর।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শর্মিলা রোজারিও)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি


কালীগঞ্জ, গাজীপুর।

তারিখঃ- ০৫/০৭/২০২২

স্মারক নং-৩৩.০২.৩৩৩৪.৫০১.৩৮.০০১.১৭-৭৮১৩)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
- ৪। দপ্তর কপি।


উপজেলা মৎস্য কর্মকর্তা
কালীগঞ্জ, গাজীপুর।